# সংবাদ বিজ্ঞপ্তি

## জাতীয় সংসদে বিদ্যুৎ ও জ্বালানির
## দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) বিল ২০১০ পাশ হওয়ায় টিআইবি'র উদ্বেগ ও প্রত্যাহারের দাবি

**ঢাকা, ৪ অক্টোবর ২০১০:** গত ০৩ অক্টোবর ২০১০ জাতীয় সংসদে বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) বিল ২০১০ পাশ হওয়ায় ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) গভীর উদ্বেগ প্রকাশ করেছে ও এই খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার স্বার্থে বিলটি প্রত্যাহারের দাবি জানিয়েছে।

এক বিবৃতিতে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, বিলটির ফলে সরকারি ক্রয় খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার যে নির্বাচনী অঙ্গীকার সরকার জনগণের নিকট করেছে তার বাস্তবায়নকে ঝুঁকিপূর্ণ করে তুলবে। বিলটির ৯ ধারা অনুসারে, এই আইনে বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত কোন ব্যবস্থা ও সিদ্ধান্ত, আদেশ বা নির্দেশের বৈধতা সর্ম্পকে আদালতে প্রশ্ন উত্থাপন করা যাবে না বলে যে বিধান রাখা হয়েছে তা জনগণের প্রত্যাশিত গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক সরকার ব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। বিদ্যুৎ খাতে দ্রুত অগ্রগতির যুক্তি যেমন অনস্বীকার্য, তেমনই অপরিহার্য এইখাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

ড. ইফতেখারুজ্জামান বলেন, জনগুরুত্বের যুক্তিতে একদিকে বিদ্যমান সরকারি ক্রয় সংক্রান্ত আইন ২০০৯ এবং সংশ্লিষ্ট বিধিকে পাশ কাটিয়ে ও অন্যদিকে স্বচ্ছতা, সুস্থ প্রতিযোগিতা ও বস্তুনিষ্ঠতার বিধান নিশ্চিত না করে বিদ্যুৎ ও জ্বালানি খাতে আমদানি, সঞ্চালন, ও বিপণন সংক্রান্ত সিদ্ধান্ত গৃহিত হলে অনিয়ম ও দলীয় প্রভাবের ঝুঁকি বাড়বে। তাছাড়া, এ ধরনের সিদ্ধান্তের মাধ্যমে সরকারি ক্রয় আইনের অবমূল্যায়ন করা হলে একই ধরনের সুবিধা অন্যান্য খাতেও কেন প্রদান করা হবে না এমন প্রশ্ন উত্থাপিত হবে, যার ফলে সরকারি ক্রয় খাত আর্থিকভাবে অনিয়মের জালে আবদ্ধ হবে।

তিনি আরো বলেন, ক্ষমতাসীন আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহারে দুর্নীতির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং সুশাসনের জন্য আইনের শাসন ও দলীয়করণ প্রতিরোধের অঙ্গীকারের বিপরীতে এই বিল পাশের মাধ্যমে দেশে দুর্নীতির নতুন পথ প্রশস্ত হওয়ার আশংকা তৈরী হচ্ছে। ২০১০-১১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বিদ্যুৎ ও জ্বালানি খাতে যথাক্রমে ৪৯৯৫ কোটি এবং ১০৮০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এরূপ বিশাল অঙ্কের সরকারি অর্থের ব্যবহারে স্বচ্ছতা ও জবাবদিহিতার পূর্বশর্ত শিথিল করার কোন সুযোগ সরকার সৃষ্টি করবে না, জনগণ এই প্রত্যাশা করে।

টিআইবি যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে জ্বালানি খাতে ক্রয় সংক্রান্ত উদ্যোগ গ্রহণের জন্য সরকারের নিকট জোর দাবি করছে এবং বিলটি প্রত্যাহার করে সংশ্লিষ্ট বিশেষজ্ঞসহ সকলের অংশগ্রহণ ও জনমত যাচাইয়ের মাধ্যমে অগ্রসর হওয়ার জন্য অনুরোধ করছে।

**গণমাধ্যম যোগাযোগঃ**

রিজওয়ান-উল-আলম
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ
যোগাযোগঃ ০১৭১৩০৬৫০১২
rezwan@ti-bangladesh.org